দৈনিক বাংলা

তারিখ ... 10 MAY 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...
৩৫

02

# শিক্ষাখাতে জাতীয় আয়ের ৮ শতাংশ বরাদ্দের দাবী

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

বুধবার বিভিন্ন ছাত্র সংগঠন শিক্ষাখাতে জাতীয় আয়ের ৮ ভাগ বরাদ্দ এবং নতুন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবীতে শিক্ষা ভবনের সামনে পৃথক বিক্ষোভ সমা-

(৫-এর পৃঃ দ্রঃ)

## শিক্ষাখাতে জাতীয়

(প্রথম পৃঃ পর)

বেশের আয়োজন করে। সমাবেশে বক্তারা বলেন, সরকার ছাত্রসমাজের দীর্ঘদিনের দাবী উপেক্ষা করে বিভিন্ন অনুৎপাদনশীল খাতে ব্যয় বাড়াচ্ছেন। ছাত্র নেতৃবৃন্দ একই বিষয়ে তিনটি পাঠ্য বই বাতিলেরও আহবান জানান।

৯ ছাত্র সংগঠনের সমাবেশে বক্তৃতা করেন ছাত্র নেতা মুশতাক হোসেন, জহিরউদ্দিন স্বপন, মোশরেফা, সংগ্রামী ছাত্রজোটের সমাবেশে বক্তব্য রাখেন আমানুল্লাহ আমান ও সাইফুদ্দিন মনি। ছাত্র ফেডারেশনের সমাবেশে বক্তৃতা করেন ফয়জুল হাকিম ও সরদার ফারুক এবং ছাত্র বিপ্লবী মঞ্চের সমাবেশে বক্তব্য রাখেন মুখলেস উদ্দিন শাহীন ও রাজোয়ার জাহান কিরন।